দৈনিক ইত্তেফাক

তারিখ 24 JUL 1988
পৃষ্ঠা 3 কলাম 5

025

# শিক্ষা ক্ষেত্রে সমস্যা নির্ধারণে ৮টি পরিদর্শন দল গঠন

নেত্রকোনা, ২২শে জুলাই (নিজস্ব সংবাদদাতা)—দেশের শিক্ষা ও শিক্ষা প্রতিষ্ঠানের সমস্যা চিহ্নিত করিয়া শিক্ষা বিষয়ক সার্বিক কর্মকাণ্ডের উন্নয়নকল্পে সরকার আটটি পরিদর্শন টিম গঠন করিয়াছেন। এই টিম শিক্ষা-মন্ত্রণালয়ের কর্মকর্তাদের লইয়া গঠিত হইবে।

এই পরিদর্শন টিমগুলি আকস্মিকভাবে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনে যাইয়া প্রতিষ্ঠানের বিরাজমান দুর্বলতা, আর্থিক অনিয়ম, পাঠ্যক্রম যথাসময়ে শেষ হওয়া, পরীক্ষায় অসদুপায় অবলম্বন, শিক্ষাদানে প্রয়োজনীয় সুযোগ-সুবিধার অভাব, ছাত্র ভর্তি ও শিক্ষক নিয়োগে অনিয়ম ইত্যাদির কারণ নির্ণয় করিবে। এই টিমগুলি নির্দিষ্ট এলাকার কিছু কিছু শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ কার্যালয়, প্রকল্প সরেজমিনে পরিদর্শন করিয়া পরিদর্শনের ১৫ দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করিবেন। পরিদর্শন টিমের কার্যক্রমে সর্বোতোভাবে সহায়তা করার জন্য শিক্ষা বিভাগের কর্মকর্তাদের নির্দেশ প্রদান করা হইয়াছে।